এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন। (সকল বোর্ডের জন্য)

উৎপাদন ব্যবস্থা ও বিপণন: প্রথম পত্র বিষয় কোড: ২৮৬

সময়- ২ঘন্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. সুদীপ্ত নিজস্ব জমিতে দেশি বিদেশি বিভিন্ন ফুলের চাষ করেন। সযত্ন পরিচর্যা, প্রশিক্ষিত কর্মী ব্যবহার ও সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের কারণে তিনি স্বল্প সময়ের মধ্যে ব্যবসায়ে সাফল্য অর্জন করেন। উৎপাদিত ফুলের একটি অংশ রপ্তানিকারকদের কাছে এবং অবশিষ্ট ফুল 'সুগন্ধা' নামে নিজস্ব শো-রুমের মাধ্যমে বিক্রয় করেন। সুগন্ধায় তৈরিকৃত ফুলের তোড়া বিক্রয় হয় না। গ্রাহকেরা ক্যাটালগ দেখে অর্ডার করলে বা নিজের পছন্দ জানালে ঠিক সেভাবেই অর্ডার সরবরাহ করা হয়। বিভিন্ন অনুষ্ঠানের উপলক্ষে এ প্রতিষ্ঠানের ফুলের সুখ্যাতি এখন সবার মুখে।

ক. মজুদ নিয়ন্ত্রণ কী? ১

খ. 'সেবা নশ্বর' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সুদীপ্ত কার্যক্রম কোন বিশেষায়িত ব্যবস্থাপনার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুগন্ধা নামক ফুলের শো-রুমটির সাফল্যের কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. এবিসি হাউজিং লি. ঢাকার বিভিন্ন স্থানে জমি ক্রয় করে ব্যবহার উপযোগী করে গ্রাহকদের কাছে বিক্রয় করে। প্রতিষ্ঠানটি প্রতিবছর প্রায় ১০ কোটি টাকা মূল্যের জমি বিক্রয় করে এ পরিমাণ জমি বিক্রয় করতে ১ কোটি টাকার কাঁচামাল ও অন্যান্য উপকরণ ব্যবহৃত হয়। প্রতিষ্ঠানের কর্মকর্তাদের পারিশ্রমিক বাবদ প্রতিবছর ৯০ লক্ষ টাকা, যন্ত্রপাতি বাবদ প্রায় ৮০ লক্ষ টাকা ও বিবিধ খাতে ২ লক্ষ টাকা খরচ করে। সার্বিক ভাবে প্রতিষ্ঠানটি অনেক লাভজনক একটি প্রতিষ্ঠান।

ক. আর্থিক উৎপাদনশীলতা কী? ১

খ. 'উৎপাদন নতুন পণ্য উদ্ভাবনে সহায়তা করে' ব্যাখ্যা কর। ২

গ. এবিসি হাউজিং লিমিটেড এর মোট উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে এবিসি হাউজিং লিমিটেড এর কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট উপযোগের ধরণ বিশ্লেষণ কর। ৪

৩. জনাব সায়হাম একটি স্টিল নির্মাণ কারখানা স্থাপন করেন। জনাব সায়হাম বাজারের তীব্র প্রতিযোগিতার বিষয়ে অত্যন্ত সচেতন। তিনি সঠিক মান নিশ্চিত করার জন্য একটি টিম তৈরি করেন। যারা প্রতি সপ্তাহে একবার ফাইনাল পণ্য উৎপাদনের পূর্বে উৎপাদন প্রক্রিয়া পরিদর্শন করে। এর ফলে সায়হাম এর প্রতিমাসে তিন লাখ টাকা খরচ হয়। বর্তমানে তিনি আন্তর্জাতিক বাজারে স্টিল রপ্তানি করতে চান। কিন্তু অভ্যন্তরীণ বাজারে তার সুনাম থাকলেও আন্তর্জাতিক বাজারের নিকট মোটেও আস্থা অর্জন করতে পারছেন না।

ক. সার্বিক মান ব্যবস্থাপনা কী? ১

খ. মান নিয়ন্ত্রণের মাধ্যমে সংশোধন মূলক ব্যবস্থা গ্রহণ করা হয়- ব্যাখ্যা কর। ২

http://teachingbd.com

গ. জনাব সায়হাম যে ব্যয় নির্বাহ করছেন তা কোন ধরনের ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত পরিস্থিতি থেকে সায়হাম কীভাবে পরিত্রাণ পেতে পারে? এ ব্যাপারে তোমার যৌক্তিক মতামত দাও। ৪

৪. রাকিব পোশাক তৈরির কারখানার মালিক। সে কারখানাটি বিন্যাস করেছে বিশেষজ্ঞতার ভিত্তিতে। এক্ষেত্রে তিনি কাজগুলোকে সমজাতীয়তার ভিত্তিতে বিভিন্ন বিভাগে ভাগ করে প্রতিটি বিভাগের দায়িত্ব এক একজন বিশেষজ্ঞ ব্যক্তির উপর অর্পণ করেছেন রাকিব এর কারখানার পোশাক বিক্রয়ের জন্য সাকিব একটি বিপণি প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেন। উক্ত বিপণীতে বিভিন্ন পোশাকের পাশাপাশি লেদার ও জুয়েলারি সামগ্রী বিভিন্ন বিভাগে সুন্দর ভাবে সাজানো থাকবে যেখানে ক্রেতারা স্বাচ্ছন্দ্যে কেনাকাটা করতে পারবে।

ক. অফিস বিন্যাস কী? ১

খ. 'লে-আউট কর্মীর নিরাপত্তা নিশ্চিত করে' - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব রাকিব কোন বিন্যাস অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিন্যাসের ধরণ উল্লেখপূর্বক জনাব সাকিব এর গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫. সৌমিক পরিবেশ বান্ধব ফার্নিচার তৈরির কারখানা স্থাপন করেছেন। তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে যন্ত্রপাতি ক্রয় করেছেন। শ্রমিক নিয়োগের পাশাপাশি নিজেই সার্বিক কার্যক্রম দেখাশোনা করেন। বর্তমানে ফার্নিচার তৈরির কারখানার আয়তন বড় করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এক্ষেত্রে তিনি দক্ষতা অনুযায়ী শ্রমিকের কাজ ভাগ করে দিয়েছেন।

ক. শ্রমের গতিশীলতা কী? ১

খ. 'ভূমির বিকল্প ব্যবহার সম্ভব' - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'সৌমিক' উৎপাদনের কোন উপাদান হিসেবে কাজ করছেন? ব্যাখ্যা কর ৩

ঘ. জনাব সৌমিকের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬. আবর্তক নামক একটি বেসরকারী প্রতিষ্ঠানের গবেষণা হতে ২০১৫-২০১৬ বছরের নিম্নোক্ত তথ্য পাওয়া যায়;

রপ্তানি আয়	১,৮০০ কোটি ডলার
আমদানি ব্যয়	১,৩০০ কোটি ডলার
অপচয় ব্যয়	২০০ কোটি ডলার
সরকারি ব্যয়	২,৩৪০ কোটি ডলার
ব্যক্তিগত বিনিয়োগ	১,৮৩০ কোটি ডলার
ব্যক্তিগত ভোগ ব্যয়	২,৬৫০ কোটি ডলার

Teachingbd.com

উল্লেখ্য ২০১৪-১৫ অর্থ বছরের নিট জাতীয় উৎপাদন ছিল ৭,২০০ কোটি ডলার।

ক. সামষ্টিক পর্যায়ের উৎপাদন কী? ১

খ. 'জাতীয় আয় পরিমাপে কর ফাঁকির প্রবণতা একটি অন্তরায় - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের তথ্যের আলোকে ২০১৫-১৬ অর্থ বছরের মোট জাতীয় উৎপাদন নির্ণয় কর। ৩

ঘ. নিট জাতীয় উৎপাদনের ভিত্তিতে ২০১৫-১৬ সাথে ২০১৪-১৫ অর্থ বছরের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭. সুমী টঙ্গীতে ৯৫ লক্ষ টাকা বিনিয়োগ করে ৮০ জন শ্রমিক নিয়ে টি-শার্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান স্থাপন করেন। তার প্রতিষ্ঠানের সর্বোচ্চ বার্ষিক উৎপাদন ক্ষমতা ১,০০,০০০ একক হলেও বিগত কয়েক বছর ধরে গড়ে ৭০,০০০ একক উৎপাদন করতে সক্ষম হচ্ছেন। তার উৎপাদিত টি-শার্টের ডিজাইন আকর্ষণীয় হওয়ায় অল্প দিনের মধ্যেই ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে এবং চাহিদা বৃদ্ধি পায়। বর্ধিত চাহিদা পূরণের উদ্দেশ্যে তিনি সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা কাজে লাগিয়ে প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনের চিন্তা করছেন।

ক. পরিবর্তনশীল ব্যয় কী? ১

খ. 'বৃহদায়তন এন্টারপ্রাইজে সিদ্ধান্ত গ্রহণ সময় সাপেক্ষ' - ব্যাখ্যা কর। ২

গ. উৎপাদন মাত্রার ধরন অনুযায়ী সুমীর ব্যবসাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. সম্প্রতি সুমীর গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৮. 'ক' নামক একটি প্রতিষ্ঠান ক্রেতার রুচি ও পছন্দকে গুরুত্ব দিয়ে টি-শার্টের বাহ্যিক সৌন্দর্যকে আকর্ষণীয় করে তোলেন। অন্যদিকে 'খ' নামক আরেকটি প্রতিষ্ঠান আধুনিক প্রযুক্তি ও উন্নত কৌশল ব্যবহার করে বিভিন্ন ডিজাইনের পাঞ্জাবি তৈরি করে। পরবর্তীতে ওয়েবসাইটের মাধ্যমে প্রদর্শন করে বিক্রি করে। এতে তার বিক্রয় বৃদ্ধি পেয়ে সাফল্য সুনিশ্চিত হল।

ক. ওয়ারেন্টি কী? ১

খ. 'পরীক্ষামূলক উৎপাদনে পণ্য যাচাই করা হয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'ক' নামক প্রতিষ্ঠানটি কোন ধরনের পণ্য ডিজাইন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পণ্য ডিজাইনের ধরন উল্লেখ পূর্বক 'খ' প্রতিষ্ঠানের ব্যবসায়িক সাফল্যের কারণ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৯. হিমেল সাহেব ঢাকায় বসবাস করেন। তিনি দিনাজপুর বেড়াতে গিয়ে নিরিবিলি পরিবেশ দেখে তুলনামূলক কম দামে কয়েক বিঘা জমি কিনলেন। কাঁচামাল ও শ্রমের সহজলভ্যতা দেখে জমির কিছু অংশে বিশাল আকৃতির ফাস্টফুডের দোকান তৈরি করলেন। কিন্তু শুরুতে ব্যবসায়ের সাথে সম্পর্ক যুক্ত আরো কিছু বিষয় যথাযথভাবে বিশ্লেষণ না করায় জনাব হিমেলকে বেশ কিছু সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

ক. সহযোগী প্রতিষ্ঠান কী? ১

খ. 'ব্যবসায়ের অবস্থান নির্বাচনে মূলধনের প্রভাব' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত ফাস্টফুডের দোকান স্থাপনে হিমেল কোন ধরনের ব্যবসায়ের অবস্থানের উপর গুরুত্ব দিয়েছেন ব্যাখ্যা কর। ৩

ঘ. হিমেল এর ব্যবসায়ের ব্যর্থতার পিছনে ব্যবসায়ের অবস্থান নিবাচনে প্রক্রিয়ার যে ধাপ দায়ী তা বিশ্লেষণ কর। ৪

১০. ইনান ফুড প্রোডাক্টস স্বাভাবিক পরিস্থিতিতে প্রতিদিন ১০০ ব্যাগ পোলট্রি ফিড উৎপাদন করে। দৈনিক ৯০ ব্যাগ উৎপাদিত হলে মিতব্যয়িতা অর্জিত হবে। বর্তমানে প্রতিষ্ঠানটি ৭০ ব্যাগ ফিড উৎপাদন করে। ফলে প্রতিষ্ঠানের উৎপাদনের উপকরণ অব্যবহৃত থাকছে এবং প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হচ্ছে। ইনান এ সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় খুঁজেছেন।

ক. উৎপাদন ক্ষমতার পরিমাপ কী? ১

খ. 'নিম্ন উৎপাদন ক্ষমতা ব্যবহরের কারণ হলো বাজারে চাহিদা হ্রাস'- ব্যাখ্যা কর। ২

গ. ইনান ফুড প্রোডাক্টস এর কার্যকর উৎপাদন ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ. জনাব ইনানের সমস্যা সমাধানের উপায় বিশ্লেষণ কর। ৪

১১. সুজন তার গার্মেন্টস ইন্ডাস্টির জন্য পাঁচ বছর আগে ২০টি ফ্যান ক্রয় করেছিলেন। বর্তমানে প্রায় সবগুলো ফ্যান অকেজো হয়ে পড়েছে। সুজন উন্নতমানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। পূর্বে প্রতিদিন ৪০০ পিছ পোশাক উৎপাদন করলেও বর্তমানে উৎপাদনের পরিমাণ ৫০০ পিছ এ উন্নীত করেন। এতে তার দীর্ঘমেয়াদি গড় উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়।

ক. উদ্যোক্তা কী? ১

খ. 'যৌথ মূলধনী কোম্পানি কৃত্রিম ব্যক্তিস্বত্বার অধিকারী' - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ফ্যান অকেজো হওয়ার সাথে মূলধনের কোন বৈশিষ্ট্যটি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত সুজন সাহেবের উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত কতটুকু যৌক্তিক? তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

উৎপাদন ব্যবস্থা ও বিপণন- প্রথম পত্র

সময়- ৩০ মিনিট পূর্ণমান-৩০ বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ২ ৮ ৬

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্ত সমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. প্রতিষ্ঠানের কর্মীদের দক্ষ করে তোলার জন্য কোনটির প্রয়োজন পড়ে?
ক প্রশিক্ষণের
খ উপযুক্ত পরিবেশের
গ বোনাসের
ঘ নাগরিক সুবিধা প্রদানের

২. ব্যয়ের দৃষ্টিকোণ থেকে জাতীয় আয় পরিমাপে কোনটি যোগ হয়?
ক খাজনা
খ মজুরি
গ আমদানি ও রপ্তানির পার্থক্য
ঘ মুনাফা

৩. উৎপাদন ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন বিষয়ক সিদ্ধান্ত বিশেষভাবে প্রয়োজন?
ক উৎপাদন ক্ষমতা খ কাম্য উৎপাদন মাত্রা
গ দক্ষ ব্যবস্থাপনা ঘ উৎপাদন ব্যবস্থাপনা

৪. উৎপাদন ক্ষমতার কাম্য ব্যবহার করা গেলে উৎপাদনের ক্ষেত্রে কী ঘটে?
ক দক্ষ ব্যবস্থাপনার বহিঃপ্রকাশ
খ উৎপাদন ক্ষমতা নির্ধারিত হয়
গ উৎপাদন দক্ষতা নিশ্চিত হয়
ঘ উৎপাদন কার্যকরী হয়

৫. শহরে ব্যবসায় স্থাপনের ক্ষেত্রে প্রধান সমস্যা কোনটি?
ক কাঁচামালের অপ্রতুলতা
খ সংস্থাপন ব্যয়ের আধিক্য
গ শ্রমিক অল্পতা
ঘ বিপণন সমস্যা

উদ্দীপকটি পড়ো এবং ৬,৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

সোহরাব একটি প্রতিষ্ঠানের উৎপাদন পণ্যের মান নিয়ন্ত্রণকারী হিসাবে কাজ করেছেন। তার প্রতিষ্ঠানে মাঝে মাঝে স্বাভাবিক মাত্রা অপেক্ষা অধিকা মাত্রায় পণ্য বা সেবা উৎপাদন করার ফলে তিনি চিন্তিত। তাই তিনি উৎপাদন ক্ষমতা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করেন।

৬. সোহরাব কেন উৎপাদন ক্ষমতা সিদ্ধান্ত গ্রহণ করেন?
ক প্রতিযোগিতায় টিকে থাকার জন্য
খ অধিক উৎপাদন বন্ধের জন্য
গ উৎপাদন বৃদ্ধির জন্য
ঘ পণ্যের মান ঠিক রাখার জন্য

৭. স্বাভাবিক মাত্রার চেয়ে অধিক মাত্রায় উৎপাদনের ফলে তিনি চিন্তিত কেন?
ক একক প্রতি ব্যয় বৃদ্ধির ভয়ে
খ সামগ্রিক উৎপাদন ব্যয় বৃদ্ধির ভয়ে
গ পণ্যের মান নিম্ন হওয়ার ভয়ে
ঘ পণ্যের বাজার হারানোর ভয়ে

৮. সোহরাব তার পণ্যের সর্বোচ্চ মান নিশ্চিত করেন এবং ক্রেতার প্রত্যাশা অনুযায়ী পণ্য বা সেবার ডিজাইন করেন, এর কারণ কী?
ক মানের ধারাবাহিক উন্নয়ন
খ গ্রাহক সন্তুষ্টিক বিধান
গ মুনাফা বৃদ্ধি
ঘ বিক্রয়োত্তর সেবা

৯. একটি হালিম ও চটপটি হাউসের মালিক যথাযথ গ্রাহক সেবা প্রদান করতে চান। এক্ষেত্রে তিনি যা বিবেচনা করেন-
i. ন্যায্য দাম
ii. উত্তম পণ্য পরিবেশনা
iii. প্রাকৃতিক পরিবেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. কোনো প্রতিষ্ঠানে মান ব্যবস্থাপনার সর্বপ্রথম উপাদান কোনটি?
ক কর্মীদের ক্ষমতায়ন
খ কৌশলগত অঙ্গিকার
গ দলীয় মতবাদ ঘ বেঞ্চমার্কিং

১১. বৃহৎ সিমেন্ট কারখানা নদীর তীরে গড়ে উঠার কারণ—
ক শ্রমিকের সহজলভ্যতা
খ যোগাযোগ সুবিধা
গ কাঁচামারের প্রাপ্যতা ঘ ক্রেতার সান্নিধ্য

১২. লেন ব্যবস্থাপনার স্বতন্ত্র কাজ কোনটি?
ক তথ্য প্রক্রিয়াকরণ
খ পণ্যের উপযোগ সৃষ্টি
গ গবেষণা ও উন্নয়ন
ঘ পণ্যের যোগান নির্ধারণ

১৩. পণ্য উৎপাদনের কোনটির উপর অত্যধিক গুরুত্ব দিতে হয়?
ক পণ্যের বিতরণ খ পণ্য মান
গ পণ্যের প্রচার ঘ পণ্যের ডিজাইন

১৪. অর্থনীতির দৃষ্টিকোন থেকে উৎপাদনের উপাদান কয়টি?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

Teachingbd.com

১৫. পণ্য উৎপাদনের পূর্বে উৎপাদক চিন্তা করেন?
i. কী ধরনের পণ্য উৎপাদন করা হবে
ii. পণ্যের মান ও আকার কী হবে
iii. পণ্যের দাম কেমন হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. ডেল কোং ডেস্কটপ কম্পিউটার তৈরির পাশাপাশি ল্যাপটপ কম্পিউটার তৈরি করার সিদ্ধান্ত নিল। এটি কোন ডিজাইনের আওতায় পড়বে?
ক উৎপাদন ডিজাইন
খ রুচিসম্মত ডিজাইন
গ প্যাকেজিং ডিজাইন
ঘ ক্রিয়াগত ডিজাইন

১৭. শিল্প বিপ্লবের যুগে একজন উৎপাদক নিজেই–
i. কাঁচামাল সংগ্রহ করত
ii. পণ্য উৎপাদন করত
iii. স্থানীয় বাজারে বিক্রয় করত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. পণ্য উৎপাদন ব্যবস্থাপনা সামগ্রিক ব্যবস্থাপনার কোন ধরনের শাখা?
ক মুখ্য শাখা খ বিশেষায়িত শাখা
গ গৌণ শাখা ঘ পরোক্ষ শাখা

১৯. কাঙ্ক্ষিত মাত্রার চেয়ে অতিরিক্ত পণ্য মজুদ থাকলে কী ঘটে?
ক অপচয় বৃদ্ধি পায়
খ অপচয় হ্রাস পায়
গ ব্যয় হ্রাস পায়
ঘ আয় বৃদ্ধি পায়

২০. বিন্যাস পরিকল্পনায় সর্বপ্রথম কোন বিষয়টি আনা হয়?
ক স্থান নির্বাচন
খ সহজ তত্ত্বাবধায়ন
গ গতিশীলতা
ঘ শ্রমিক নিরাপত্তা

২১. ক্রেতাদের বিভিন্নমুখী চাহিদার প্রেক্ষিতে বিন্যাস প্রকৃতি কোন ধরনের হয়ে থাকে?
ক নমনীয়
খ অনমনীয়
গ স্থিতিশীল
ঘ অস্থিতিশীল

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশে ২০১৪ সালে মোট ভোগ ব্যয় ১১০০ কোটি টাকা, মোট বিনিয়োগ ব্যয় ৫৫০ কোটি টাকা, মোট সরকারি ব্যয় ৪৫০ কোটি টাকা।

২২. উদ্দীপকের তথ্য দিয়ে কী হিসাব করা যায়?
ক GNP খ NNP
গ GDP ঘ PCI

২৩. উল্লিখিত তথ্যের আলোকে GDP কত হবে?
ক ২১০০ কোটি টাকা
খ ১৫৫০ কোটি টাকা
গ ১৬৫০ কোটি টাকা
ঘ ২০৫০ কোটি টাকা

২৪. উৎপাদনের উপাদান সমূহ একত্রিত করেন কে?
ক ক্রেতা খ সংগঠক
গ ভোক্তা ঘ সরবরাহকারী

২৫. কোনটির সাথে ব্যয়ের প্রত্যক্ষ সম্পর্ক বিদ্যমান?
ক বিক্রয় মাত্রা
খ আয়ের মাত্রা
গ উৎপাদন মাত্রার
ঘ মুনাফার মাত্রার

২৬. ভূমির মধ্যে থেকে শ্রমিক তার শ্রম দিয়ে-
i. উৎপাদন কার্যসম্পাদন করে
ii. শ্রমিক উপার্জিত আয় সঞ্চয়ের মাধ্যমে মূলধনের সৃষ্টি করে
iii. উৎপাদনের উপাদান সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. শ্রমকে অর্থনীতিবিদগণ কয়ভাবে ভাগ করেছেন?
ক দুই ভাগে খ তিন ভাগে
গ চার ভাগে ঘ পাঁচ ভাগে

২৮. উৎপাদনশীলতার মাধ্যমে কী অর্জন করা যায়?
ক দুর্নাম খ প্রবৃদ্ধি
গ কুৎসা ঘ উপযোগ

২৯. উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে-
ক মুনাফা হ্রাস পায়
খ পণ্যের উৎকর্ষতা বৃদ্ধি পায়
গ উৎপাদন ব্যয় হ্রাস পায়
ঘ অবচয় বৃদ্ধি পায়

৩০. কোনটি সেবার বৈশিষ্ট্য নয়?
ক অবিচ্ছিন্নতা
খ অদৃশ্যমানতা
গ অপরিবর্তনীয়তা
ঘ অসংরক্ষণ যোগ্যতা

উত্তর

১	ক	২	গ	৩	খ	৪	গ	৫	খ	৬	খ	৭	খ	৮	ক	৯	ক	১০	ঘ	১১	খ	১২	গ	১৩	খ	১৪	ঘ	১৫	ঘ
১৬	ঘ	১৭	ঘ	১৮	খ	১৯	ক	২০	ক	২১	ক	২২	গ	২৩	ক	২৪	খ	২৫	গ	২৬	খ	২৭	ক	২৮	খ	২৯	গ	৩০	গ

Teachingbd.com